**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**11 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

রাজ্যের ৫ টি বিধানসভা আসনের উপনির্বাচনের প্রচার অভিযান আগামীকাল সমাপ্ত হবে । এর পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল নিজ নিজ দলের প্রার্থীদের সমর্থনে ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রেখেছে । এই উপনির্বাচনে মোট ৩৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ।বিজেপির প্রবীণ নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কেন্দ্রীয়মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ অন্যান্য মন্ত্রী , সাংসদ এবং বিধায়করা এন ডি এ প্রার্থীর সমর্থনে বিভিন্ন নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করছেন । রাজ্য কংগ্রেসের সভাপতি ভূপেন বরা , সাংসদ গৌরব গগৈ ও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালিয়ে যাচ্ছেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল মন্ত্রী বিমল বরা মন্ত্রী কেশব মহন্ত সামগুরি আসনের প্রার্থীর সমর্থনে গতকাল প্রচার চালান ।মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া গতকাল ধলাই আসনের প্রার্থীর সমর্থনে নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন ।এদিকে কংগ্রেস সাংসদ গৌরব গগৈ ,সাংসদ রকিবুল হুসেন গতকাল বিহালীতে প্রচার চালান । উল্লেখ্য রাজ্যে ৫ টি আসনে অনুষ্ঠেয় উপনির্বাচনে আম আদমী পার্টি বিহালী ও সামগুরি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে । এই উপনির্বাচনে ধলাই আসনে ৮ জন প্রার্থী , সামগুরি আসনে ১১ জন , সিদলী আসনে ৩ জন ,বিহালী আসনে ৪ জন এবং বঙ্গাইগাঁও আসনে ৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ।

---

আসাম তথা উত্তরপূর্বাঞ্চলে জৈব জ্বালানি ক্ষেত্রে যথেষ্ট সম্ভাবনা রয়েছে এবং এর দ্বারা নতুন প্রজন্মের স্বাবলম্বী হওয়ার পথ প্রশস্ত হবে বলে গতকাল আকাশবাণী গুয়াহাটী কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগের দৃষ্টিপাত অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রদূষণ নিয়ন্ত্রণ

বোর্ডের অধ্যক্ষ ডঃ অরূপ কুমার মিশ্র এবং নুমুলীগড় তেল শোধনাগারের কর্পোরেট পরিক্রমা বিভাগের উপদেষ্টা নিকুঞ্জ বরঠাকুর জানান ।ভারত সৌর সহযোগিতার পর এবার জৈব জ্বালানি সহযোগিতার ক্ষেত্রে সমগ্র বিশ্বকে সচেতন করার প্রয়াস করবে বলে তাঁরা জানান ।জৈব জ্বালানি ব্যবহারের দ্বারা দূষণ হ্রাস করা সহ অর্থনীতি মজবুত করার ক্ষেত্রেও সহায়ক হয় বলে তাঁরা মত প্রকাশ করেন ।আবর্জনা , বিভিন্ন বর্জ্য সামগ্রী উইত্যাদি ব্যবহার করে জৈব জ্বালানি ব্যবহার করা যায় বলে তাঁরা উল্লেখ করেন । জৈব জ্বালানির ব্যবহারএর ওপর গুরুত্ব আরোপ করার ফলে ২০১৪ সালে জীবাশ্ম জ্বালানির সঙ্গে ইথানল মিশ্রন ১ দশমিক ৪ শতাংশ থৈকে গত বছর ১৫ শতাংশে বৃদ্ধি পেয়েছে এবং এই মিশ্রন ২০ শতাংশে বৃদ্ধি করার লক্ষ্য ধার্য করা হয়েছে বলে তাঁরা জানান ।

---

মূখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে রাজ্যের নির্বাচিত উদ্যোগীদের দ্বিতীয় কিস্তির অর্থ প্রদান প্রক্রিয়া **গতকাল** আরম্ভ হয়েছে । এ উদ্দেশ্যে রাজ্যসরকার ইতিমধ্যে ৬৬ কোটি টাকা প্রদান করেছে । উল্লেখ্য এই প্রকল্পের অধীনে গত ২৪ সেপ্টেম্বর রাজ্যের ২৫ হাজারেরও অধিক উদ্যোগীকে প্রথম কিস্তির অর্থ হিসেবে ৭৫ হাজার টাকা করে প্রদান করা হয়েছিলো ।
রাজ্যের বেকার সমস্যা হ্রাস করা সহ শিল্পকরণের জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে এই প্রকল্পের মাধ্যমে নব প্রজন্মকে আত্মনির্ভরশীল করে তুলতে আর্থিক অনুদান ,প্রশিক্ষণ ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের সুবিধা প্রদান করা হবে ।

---

আজ বিশ্ব টীকাকরণ দিবস ।সংক্রামক রোগ প্রতিরোধ এবং জনস্বাস্থ্য সুরক্ষিত করার ক্ষেত্রে প্রতিষেধকের ভূমিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে এই দিবস পালন করা হচ্ছে । টীকাকরণের মাধ্যেমে পোলিও , প্রসুতি ও নবজাতকের মৃত্যু সহ বেশ কিছু ঘাতক রোগ নির্মূল করার ক্ষেত্রে ভারত সাফল্য অর্জন করেছে ।২০২৩-২৪ অর্থবছরে দেশে

নির্ধারিত টীকাকরণের লক্ষ্যের ৯৩ দশমিক ২-৩ শতাংশ অন্তর্ভুক্ত করা হয়েছে ।সর্বজনীন টীকাকরণ প্রকল্পের মাধ্যমে পোলিও , বসন্ত , হেপাটাইটিস বি সহ ১২ ধরণের রোগের ক্ষেত্রে বিনামূল্যে প্রতিষেধক প্রদান করা হয় ।ইউ-ইন পোর্টেলের মাধ্যমে ১১ টি আঞ্চলিক ভাষায় গর্ভবতী মহিলা ও ১৭ বছর বয়স পর্যন্ত শিশু ও কিশোর কিশোরীদের প্রতিষেধক প্রদান করার ডিজিটেল তথ্য অর্ন্তভুক্ত করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুর রাজস্ব চক্রের অধীন পলারপার গ্রামের কয়েক হেক্টর কৃষি জমি নদী ভাঙ্গনের ফলে ক্ষতিগ্রস্থ হচ্ছে বলে গ্রামবাসীদের প্পক্ষে অভিযোগ করা হয়েছে। ◌ের ফলে জনজীবন ব্যহত হচ্ছে বলে উদ্বেগ প্রকাশ কর আহয়েছে। অবিলম্বে এই নদী ভাঙ্গনের প্রতিরোধ করতে দীর্ঘমেয়াদী ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে গ্রামবাসীদের প্পক্ষ থেকে সরকারের কাছে দাবী জানানো হয়েছে।

---

শিলচর শহর শিক্ষা ব্লকের উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী সংগঠন বরাক রুর‍্যেল ডেভলপমেন্ট এন্ড সোশিয়েল সার্ভিস ফোরামের ব্যবস্থাপনায় গতকাল শিলচর নেতাজী সুভাষ চন্দ্র বসু আবাসিক বিদ্যালয়ে  সর্বশিক্ষা মিশনের অধীনে বিশেষ দক্ষতা বিকাশ প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন করা হয়েছে ।এই কর্মশালায় উলের পোশাক , পাটজাত সামগ্রী তৈরী , ফেব্রিক প্রিন্ট , এমব্রয়ডারি , খেলনা , হার্বাল সাবান , ডিটারজেন্ট ইত্যাদি তৈরীর প্রশিক্ষন প্রদান করা হবে ।গতকালের উদ্বোধনী অনুষ্ঠানে ডিপিও কৃপালু রায় , এম আই এস প্রোগ্রামার নাসির হোসেন চৌধুরী , পি এন বি আর সে টি কাছাড়ের প্রশিক্ষক শাহেদ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন ।

কাছাড়ের শ্রম আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে শিলচর শহরের দোকান ও প্রতিষ্ঠানের মালিকদের অবগতির জন্য জানিয়েছেন যে আসাম দোকান এবং প্রতিষ্ঠান আইন ১৯৭১ ইং ১১ নম্বর ধারা অনুযায়ী প্রত্যেক দোকান মালিকদের নিজ নিজ বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো প্রতি রবিবার সম্পূর্নভাবে বন্ধ রাখতে হবে । অন্যথা আইন অনুযায়ী ব্যাবস্থা নেওয়া হবে ।তবে আইন অনুযায়ী ছাড় পাওয়া প্রতিষ্ঠানগুলি এই নির্দেশের বাইরে থাকবে ।

---

সরকারী পেনশনভোগীদের চলতি মাসে লাইফ সার্টিফিকেট জমা দেবার প্রক্রিয়াকে আরো সহজ করতে হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষ বিশেষ ব্যাবস্থা গ্রহণ করেছে । কর্তৃপক্ষ জেলার দুটি ব্যাঙ্ক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্কে হেল্প ডেস্ক চালু করেছে । এই হেল্প ডেস্কের মাধ্যমে আইন সেবা কর্তৃপক্ষের প্যারা লিগেল ভলান্টিয়াররা প্রবীণ পেনশন প্রাপকদের লাইফ সার্টিফিকেট ফর্ম সঠিভাবে জমা দেবার ক্ষেত্রে সব ধরণের সহায়তা প্রদান করছেন ।